আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ১০০ প্রকাশকালঃ ২৭-০৮-২০২০ইং

সুদি ব্যবসার মাধ্যমে অর্জিত সম্পদের ব্যাপারে করণীয় কী?

প্রশ্নঃ

আমার এলাকার এক লোক আগে সুদি ব্যবসা করত। এখন সে তাওবা করে সুদি ব্যবসা সব ছেড়ে দিয়েছে। এখন আমার প্রশ্ন হল, অতীতে সে সুদি ব্যবসার মাধ্যমে যেসব সম্পদ উপার্জন করেছে, সেই সম্পদগুলো কি এখন বৈধ হবে?

প্রশ্নকারী- হামিম

উত্তর:

সুদি ব্যবসার মাধ্যমে উপার্জিত সম্পদ তার জন্য হালাল হবে না। হারাম থেকে মুক্তি পেতে হলে, যাদের থেকে সে সুদ গ্রহণ করেছিল, তাদেরকে তা ফিরিয়ে দিতে হবে। তারা জীবিত না থাকলে তাদের ওয়ারিশদের নিকট ফিরিয়ে দিতে হবে। যদি তাদের কাউকে পাওয়া না যায়, তাহলে হারাম থেকে দায় মুক্তির উদ্দেশ্যে তাদের পক্ষ থেকে তা গরিব মিসকিনদেরকে সাদাকা করে দিতে হবে। হাদীস শরীফে এসেছে,

عن أبي هريرة رضي الله عنه قال : قال رسول الله صلى الله عليه و سلم (من كانت له مظلمة لأحد من عرضه أو شيء فليتحلله منه اليوم قبل أن لا يكون دينار ولا درهم إن كان له عمل صالح أخذ منه بقدر مظلمته وإن لم تكن له حسنات أخذ من سيئات صاحبه فحمل عليه) -صحيح البخاري، رقم: 2317؛ ط. دار ابن كثير، اليمامة – بيروت؛ تحقيق: د. مصطفى ديب البغا

“আবু হুরাইরা রাদিআল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ যদি কারো সম্মান ক্ষুণ্ন করে বা অন্য কোনো বিষয়ে তার উপর জুলুম করে থাকে, সে যেন সেই দিন আসার আগে; আজই তার থেকে দায় মুক্ত হয়ে নেয়, যেদিন একটি দিনার বা একটি দিরহামও থাকবে না। যদি জালিমের কোনো নেক আমল থাকে, তাহলে জুলুম সমপরিমাণ নেক আমল নিয়ে নেয়া হবে। নেক আমল না থাকলে, মাজলুমের (এ পরিমাণ) গোনাহ জালিমের উপর চাপিয়ে দেয়া হবে।” -সহীহ বুখারী, হাদীস নং২৩১৭

ইবনে আবিদিন শামি রহ. (১২৫২ হি.) বলেন,

وإن لم يجد المديون ولا وارثه صاحب الدين ولا وارثه فتصدق المديون أو وارثه عن صاحب الدين برئ في الآخرة –رد المحتار، ج: 4، ص: 283؛ الناشر: دار الفكر-بيروت

“যদি দেনাদার বা তার ওয়ারিশরা পাওনাদার বা তার ওয়ারিশদের না পায়, তাহলে দেনাদার বা তার ওয়ারিশরা পাওনাদারের পক্ষ থেকে দান

করে দিলে আখেরাতে দায়মুক্ত হবেন।” –রদ্দুল মুহতার: ৪/২৮৩, আরো দেখুন, সুনানুত তিরমিযি, হাদীস নং ১২৬৬, সুনানে আবু দাউদ, হাদীস নং ৩৫৬২, আহকামুল কুরআন, জাসসাস: ২/২১৬, ফাতহুল বারি: ৯/৪৩০-৪৩১

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি

০৭-০১-১৪৪২ হি.

২৭-০৮-২০২০